দৈনিক বাংলা

তারিখ ... ৩০।৭।৭৪ ...
পৃষ্ঠা ... ... 3 কলাম 4 ... ...

105



## জনশিক্ষা পরিচালকের ইন্তেকাল

জনশিক্ষা পরিচালক ডঃ মোহাম্মদ খলিলুর রহমান গতকাল শুক্রবার দুপুর পোনে একটায় ঢাকা মেডিকাল কলেজ হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্না.......রাজেউন) তিনি গত তিন মাস যাবত রোগে ভুগছিলেন। মাঝখানে তিনি কিছু দিনের জন্য সুস্থ হয়ে উঠে তার কাজে যোগ দিয়েছিলেন, কিন্তু পুনরায় অসুস্থ হয়ে পড়লে এক সপ্তাহ আগে আবার তাকে হাসপাতালে ভর্তি করা হয়।

মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৫ বছর।

বিকেলে বায়তুল মোকাররমে তাঁর নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ এই জানাজায় উপস্থিত ছিলেন। তিনি এই খ্যাতনামা শিক্ষাবিদের প্রতি শ্রদ্ধার শেষ নিদর্শন হিসেবে তার মরদেহের ওপর পুষ্পস্তবক অর্পণ করেন।

বনানী গোরস্তানে তাঁকে দাফন করা হয়।

মৃত্যুকালে তিনি স্ত্রী, দু পুত্র, দু কন্যা ও বহু আত্মীয় বন্ধু রেখে যান।